**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১২৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১ জানুয়ারি ২০১৮, ১৮ পৌষ ১৪২৪**

১। ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী

২। বিশ্ববিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিতে পদক্ষেপ নেওয়ার নির্দেশ রাষ্ট্রপতির

৩। দেশে আরো দু'টি বিমান ঘাঁটি গড়ে তোলা হবে : যশোরে প্রধানমন্ত্রী

৪। যশোরে ২৮ প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী

৫। আওয়ামী লীগই বাংলাদেশকে সব ক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে পারে : যশোরে জনসভায় প্রধানমন্ত্রী

৬। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা শুরু আজ

৭। ব্যাংকখাতের উন্নয়নে দুই মাসের মধ্যে কর্মপরিকল্পনা : অর্থমন্ত্রী

৮। পাঠ্যপুস্তক উৎসব আজ

৯। শিশুশ্রম বন্ধে জাতীয় কর্মপরিকল্পনা নেওয়া হবে : শ্রম প্রতিমন্ত্রী

১০। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, তথ্যসচিবসহ চার সচিব নিয়োগ

চলমানপাতা

**১। ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইংরেজি নববর্ষ-২০১৮ উপলক্ষে দেশবাসীসহ সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। বিগত বছরের সুখ-দুঃখ, আনন্দ-বেদনা পেছনে ফেলে নতুন বছরে অমিত সম্ভাবনার পথে বাংলাদেশ এগিয়ে যাক-এ প্রত্যাশা করে গতকাল (৩১ ডিসেম্বর রোববার) এক বাণীতে রাষ্ট্রপতি বলেন, নববর্ষ সকলের মাঝে জাগায় প্রাণের নতুন স্পন্দন, নতুন আশা, নতুন সম্ভাবনা। পৃথক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সবাইকে ঐক্যবদ্ধভাবে দেশের উন্নয়ন ও গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষা করার আহ্বান জানিয়েছেন। দেশবাসীকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, ২০২১ সালের মধ্যে আমরা বাংলাদেশকে মধ্যম আয়ের এবং ২০৪১ সালের আগে উন্নত, সমৃদ্ধ দেশে পরিণত করব। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২। বিশ্ববিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিতে পদক্ষেপ নেওয়ার নির্দেশ রাষ্ট্রপতির**

শিক্ষার্থীরা যাতে সমসাময়িক বিভিন্ন বিষয়ে বিশ্বমানের জ্ঞানার্জন করতে পারে সেজন্য সময়োপযোগী ও বাস্তব পদক্ষেপ নিতে বিশ্ববিদ্যালয়সমূহের কর্তৃপক্ষের প্রতি নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (৩১ ডিসেম্বর রোববার) বঙ্গভবনে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল এর উপাচার্য মেজর জেনারেল মো. সালাহউদ্দিন মিয়াজি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম গিয়াসউদ্দিন মিয়া এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আল-নকিব পৃথকভাবে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতকালে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৩। দেশে আরো দু'টি বিমান ঘাঁটি গড়ে তোলা হবে : যশোরে প্রধানমন্ত্রী**

বাংলাদেশ বিমানবাহিনীর শক্তি বৃদ্ধিতে শীঘ্রই দেশে আরো দুটি বিমান ঘাঁটি গড়ে তোলা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৩১ ডিসেম্বর রোববার) যশোরের বিমানবাহিনী একাডেমিতে বাংলাদেশ বিমানবাহিনীর ৭৪তম বাফা কোর্স ও ডিরেক্ট এন্ট্রি ২০১৭ কোর্সের কমিশন উপলক্ষে আয়োজিত রাষ্ট্রপতি কুচকাওয়াজ-২০১৭ (শীতকালীন) অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ তথ্য জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, বরিশাল ও সিলেটে নতুন দু'টি বিমান ঘাঁটি স্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন। এসব কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশ বিমানবাহিনী আরো শক্তিশালী হবে এবং এর সক্ষমতা বাড়বে। বিমানবাহিনী একাডেমির পুনর্গঠিত সাংগঠনিক কাঠামোরও অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৪। যশোরে ২৮ প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৩১ ডিসেম্বর রোববার) যশোরে কপোতাক্ষ নদের জলাবদ্ধতা দূরীকরণ প্রকল্পসহ ২৮টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রধানমন্ত্রী জেলার ঈদগাহ ময়দান থেকে এ ২৮ প্রকল্পের ফলক উন্মোচন করেন। অনুষ্ঠানে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও উন্নয়ন কামনায় বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**৫। আওয়ামী লীগই বাংলাদেশকে সব ক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে পারে : যশোরে জনসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা নৌকাকে জনগণের উন্নয়নের প্রতীক হিসেবে আখ্যায়িত করে দেশবাসীর উদ্দেশে বলেছেন, আবারো নৌকায় ভোট দিয়ে জয়যুক্ত করে মানুষের সেবা করার সুযোগ দিন। আওয়ামী লীগ সরকারে থাকলে ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর আগেই এদেশকে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ হিসেবে গড়ে তোলা হবে। দেশে কোনো দরিদ্র ও অশিক্ষিত মানুষ থাকবে না। প্রতিটি ঘর বিদ্যুতের আলোয় আলোকিত হবে। আওয়ামী লীগই একমাত্র দল যারা বাংলাদেশকে সব ক্ষেত্রে এগিয়ে নিয়ে

যেতে পারে। তিনি গতকাল (৩১ ডিসেম্বর রোববার) যশোরের কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এক বিশাল জনসভায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৬। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা শুরু আজ**

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাসব্যাপী আসর বসছে আজ ১ জানুয়ারি সোমবার থেকে। ৩১ জানুয়ারি পর্যন্ত এ মেলা চলবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর শেরেবাংলা নগরে মাসব্যাপী এ মেলার উদ্বোধন করবেন। ২৩তম এ মেলায় বাংলাদেশসহ ১৮টি দেশের বিভিন্ন প্রতিষ্ঠান ৫৮৯টি প্যাভিলিয়ন ও স্টলে পণ্য প্রদর্শন করবে। মেলা উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে দেশের সবচেয়ে বড় এ বাণিজ্য আসরের আয়োজন করছে রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)। মেলার বিস্তারিত জানাতে গতকাল (৩১ ডিসেম্বর রোববার) ইপিবি মেলা প্রাঙ্গণের মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে মেলার বিস্তারিত তথ্য তুলে ধরেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

**৭। ব্যাংকখাতের উন্নয়নে দুই মাসের মধ্যে কর্মপরিকল্পনা : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ব্যাংকখাতের সার্বিক পরিস্থিতির উন্নয়নে একটি কর্মপরিকল্পনা নেওয়া হবে। আগামী দুই মাসের মধ্যে তা প্রণয়ন করা হবে। গতকাল (৩১ ডিসেম্বর রোববার) সচিবালয়ে তাঁর দপ্তরে নতুন বছর সামনে রেখে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন তিনি। অর্থমন্ত্রী আশাপ্রকাশ করেন, নতুন বছরটি হবে জনগণের জন্য স্বস্তির এবং অর্থনীতির জন্য ভালো বছর। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

**৮। পাঠ্যপুস্তক উৎসব আজ**

নতুন বছরের প্রথম দিনটি শিক্ষার্থীদের জন্য বিশেষ আনন্দের, কারণ আজ ১ জানুয়ারি সোমবার দেশজুড়ে পালিত হচ্ছে 'পাঠ্যপুস্তক উৎসব'। ঝকঝকে তকতকে নতুন বইয়ের আশায় শিশু-কিশোররা ছুটবে বিদ্যালয়ে। প্রাথমিক ও মাধ্যমিক, কারিগরি, মাদ্রাসা এবং ক্ষুদ্র-নৃগোষ্ঠীসহ সর্বস্তরের ৪ কোটি ৩৭ লাখ ৬ হাজার ৮৯৫ জন কোমলমতি ছাত্রছাত্রীদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ইতোমধ্যেই প্রস্তুত হয়েছে ৩৫ কোটি ৪২ লাখ ৯০ হাজার ১৬২টি পাঠ্যবই। শিক্ষা মন্ত্রণালয় জানায়, ঢাকায় কেন্দ্রীয়ভাবে আজ বই উৎসবের আয়োজন করা হয়েছে রাজধানীর আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ উৎসব উদ্বোধন করবেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

**৯। শিশুশ্রম বন্ধে জাতীয় কর্মপরিকল্পনা নেওয়া হবে : শ্রম প্রতিমন্ত্রী**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) সঙ্গে মিল রেখে শিশুশ্রম নিরসনে নতুন জাতীয় পরিকল্পনা নেওয়া হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। এজন্য আগামী বাজেটেও আলাদা করে তহবিল চাওয়া হবে বলে জানান তিনি। একইসঙ্গে প্রথম শিশুশ্রমমুক্ত উপজেলাকে সরকারের পক্ষ থেকে পুরস্কৃত করার ঘোষণা দেন তিনি। গতকাল (৩১ ডিসেম্বর রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের পঞ্চম সভায় এসব কথা বলেন প্রতিমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**১০। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, তথ্যসচিবসহ চার সচিব নিয়োগ**

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব নজিবুর রহমান প্রধানমন্ত্রীর মুখ্য সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন। এ দায়িত্বে থাকা ড. কামাল আবদুল নাসের চৌধুরীর স্থলাভিষিক্ত হলেন তিনি। এছাড়া ভারপ্রাপ্ত তথ্যসচিব করা হয়েছে একই মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. নাসির উদ্দিন আহমেদকে। ভারপ্রাপ্ত খাদ্যসচিব পদে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব শাহাবুদ্দিন আহমদকে এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুল্লাহ আল মোহসিন চৌধুরীকে একই মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব করা হয়েছে। আর স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব বেগম নাসরিন আক্তারকে ভারপ্রাপ্ত সচিব পদমর্যাদায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির মহাপরিচালক করা হয়েছে। গতকাল (৩১ ডিসেম্বর রোববার) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, সমকাল, জনকণ্ঠ, ইত্তেফাক, ভোরের কাগজ, প্রথম আলো, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে :** নতুন বছরকে স্বাগত জানিয়ে হিংসা ও বিদ্বেষের পথ পরিহার করে গণতান্ত্রিক সহিষ্ণুতার পথে দেশ এগিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল :** দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বিস্তীর্ণ এলাকা বছরের অর্ধেকের বেশি সময় জলাবদ্ধতার শিকার হওয়ায় এ সমস্যার স্থায়ী সমাধানের জন্য পরিকল্পিত উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** মা ইলিশ ও জাটকা নিধনে কঠোর নিষেধাজ্ঞার কারণে বর্তমানে ইলিশের উৎপাদন ৩০ শতাংশ বাড়ায় স্বস্তি প্রকাশ করে এ সাফল্য ধরে রাখা হবে বলে আশাপ্রকাশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** পলিথিন ব্যাগের পরিবর্তে বাংলাদেশ পাটকল করপোরেশনের পরিবেশবান্ধব পাটের তৈরি পলিথিন ব্যাগ চালুর পদক্ষেপ নেওয়াকে স্বাগত জানিয়ে এ ব্যাগ তৈরিতে এগিয়ে আসতে ক্ষুদ্র শিল্পকারখানাগুলোকে এসএমই লোন দেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** ২৩ জানুয়ারি ২০১৮ থেকে রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হওয়ার বিষয়ে মিয়ানমারের ঘোষণা বাংলাদেশের কূটনৈতিক তৎপরতার বিরাট সাফল্য উল্লেখ করে এ সংকট দ্রুত সমাধানের প্রত্যাশা ব্যক্ত।

চ. **নিউ এজ :** ২০১৭ সালে বাংলাদেশ-ভারত সীমান্তে বিএসএফ কর্তৃক বাংলাদেশি নাগরিক নিহত, আহত ও অপহরণের ঘটনাগুলোকে বাংলাদেশকে আন্তর্জাতিক মহলে তুলে ধরার আহ্বান।

ছ. **নিউ নেশন :** ৫ বছরের কমবয়সী শিশুদের মৃত্যুহার কমানোতে বাংলাদেশের উল্লেখযোগ্য সাফল্য তুলে ধরে এ ব্যাপারে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে শুভবুদ্ধির হাতগুলো একত্র হতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'যোগ্য নেতৃত্বে বাংলাদেশ আরো এগিয়ে যাবে সমৃদ্ধির দিকে'** শিরোনামের নিবন্ধে উন্নয়নের জন্য রাজনৈতিক স্থিতিশীলতা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা